

**পটিয়ায় ৬৪ রাউন্ড
গুলিসহ মাদ্রাসা ছাত্র
শ্রেফতার : নানা তথ্য**

চট্টগ্রাম দুর্যো /
গতকাল রোববার সকালে পটিয়া থানা পুলিশ ৬৪ রাউন্ড গুলিসহ এক মাদ্রাসা ছাত্রকে পটিয়া আল-জামিয়া আল-ইসলামিয়া মাদ্রাসা এলাকা থেকে শ্রেফতার করেছে। তার নাম-বালিদ হাসান (১৬)। তার বাড়ি মাওরায়।
শ্রেফতারকৃত ওই যুবক সাংবাদিকদের জানায়, মাদ্রাসার ১৮ নম্বর রুমের আবাসিক ছাত্র হাসান জামিলের বইয়ের ব্যাগ থেকে তলিওলা নিয়ে সে মাওরা যাচ্ছিল। ওই মাদ্রাসা : পৃষ্ঠা : ১৫ কলাম : ৩

মাদ্রাসা : ছাত্র
(১ম পৃষ্ঠার পর)

এর তাকে মুজাহিদ ক্যাম্পে ভর্তি করানোর কথা ছিল। শ্রেফতারকৃত ওই মাদ্রাসার ছাত্র মাদ্রাসার আল কারেনা-তালেবান সম্পর্কে চাকলায়কর তথ্য দিয়েছে।
শ্রেফতারকৃত মাদ্রাসা ছাত্র বালিদ হাসান জানায়, তার বাবা মাওরায় স্থানীয় এন্টারপ্রাইজের ম্যানেজারের চাকরি করতেন। গত ২৬ মার্চ তাকে মাওরা থেকে পটিয়া মাদ্রাসায় লেখাপড়া করার জন্য তিনি নিয়ে আসেন। সে মাওরা স্টেডিয়ামপাড়া মাদ্রাসায় বেখুজতে পড়ত। পটিয়া মাদ্রাসায় নিয়ে আসার পর মাদ্রাসায় সিট না পেয়ে আবার বাড়ি নিয়ে যেতে চাইলে মাদ্রাসা ছাত্র হাসান জামিল (৩০) ওই ছাত্রকে পরে ভর্তি করে নেবে বলে রেখে দেয়। সেই ওই মাদ্রাসায় ১৮ নম্বর রুমে থাকত। তার সঙ্গে বাকি ও গান্ধুন নামে আরও দুই ছাত্র থাকত।
সে আরও জানায়, মাদ্রাসা ছাত্র হাসান জামিলের রুমে প্রায়ই বিভিন্ন পোত আস-খাওয়া করত। মোবাইল ফোনে কথা বলত; এ সময় তাকে বাইরে বের করে দিত। হাসান জামিল শ্রেফতারকৃত মাদ্রাসা ছাত্রকে 'মুজাহিদ ক্যাম্পে' ভর্তি হওয়ার কথা বলে। সেখানে থাকলে তাকে বাড়ি থেকে টাকা-পয়সা আনতে হবে না বলেও জানায়। এর মধ্যে ওই রুমে বইয়ের ব্যাগে উদ্ধারকৃত এসব বুলেট দেখতে পায়। শনিবার এশার নামাজের পর একটি কাপড়ের খলিতে করে মাওরায় নিয়ে যাওয়ার জন্য মাদ্রাসা থেকে বের হয়। রাত বেশি হয়ে যাওয়ায় সে একটি গাছের নিচে অবস্থান নেয় এবং গতকাল রোববার সকালে বাসে ওঠার সিদ্ধান্ত নেয়। এর মধ্যে রাতে পুলিশ খবর পেয়ে তাকে শ্রেফতার করে।
পুলিশ ও স্থানীয় স্যাকজন বলেছে, এখান থেকে ট্রেসিং করিয়ে মাদ্রাসা ছাত্রদের বিভিন্ন দেশে ছড়ানোর জন্য পাঠায় বলে এ ধরনের অভিযোগ দীর্ঘদিন ধরে তারা এনে আসছিল।
পুলিশ আরও জানায়, মাদ্রাসা ছাত্রের কাছ থেকে উদ্ধারকৃত তলি ও ৪৭ রাইফেল ব্যবহার করা যায়। উদ্ধারকৃত তলির পেছনে ভিন্ন ভাষায় লেখা রয়েছে। ধারণা করা হচ্ছে নাবেক সেভিয়েত প্রকৌশলের কোন দেশ থেকে এসব বুলেট সংগ্রহ করা হয়েছে।
খরগৈ মন্ত্রণালয়ের সার্কুলার
এদিকে গত মাসে খরগৈ মন্ত্রণালয়ের রাইনভিক শাখা-১-এর সিনিয়র সহকারী সচিব এমএম হাক্কান অর রশীদ দেশব্যাপী তালেবান, আল কারেনা নেটওয়ার্ক ও হরকাতুল জেহাদসহ তাদের সহযোগী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে নির্দেশ দিয়েছে। পুলিশ বশত্রে ওই নির্দেশ পাওয়ার পর তারা তৎপরতা চালতে গিয়ে ওই মাদ্রাসা ছাত্রকে শ্রেফতার করে। খরগৈ মন্ত্রণালয় জাতিসংঘে পৃথিত রেজলেশনের আলোকে তালেবান, আল কারেনা নেটওয়ার্ক ও হরকাতুল জেহাদসহ তাদের সহযোগী ব্যক্তি ও সংগঠনের সঙ্গে হাতিবাদের বিরুদ্ধে ব্যাপক ব্যবস্থা গ্রহণ, তাদের সম্পত্তি বাজেয়াপ্তকরণ এবং দেশ ত্যাগ করতে যাতে না পারে এতদাঙ্গা পূরণে গ্রহণের নির্দেশ দেন।